দৈনিক ইত্তেফাক

৪/১১/২০০৩

তারিখ ........................
পৃষ্ঠা ........ কলাম ...৩...



ইনকিলাব ঃ ভর্তির মৌসুম শুরুর পূর্বেই ভিকারুন নিছা নূন স্কুল গতকাল থেকে ভর্তির ফরম বিক্রির প্রথম দিনেই ফরম সংগ্রহকারীদের ছিল দীর্ঘ লাইন।

## বার্ষিক পরীক্ষার আগেই ভিকারুন্নেসা স্কুলে ভর্তি ফরম বিক্রি শুরু

**স্টাফ রিপোর্টার ঃ** সরকারী স্কুল, সরকারী অনুদানপ্রাপ্ত বেসরকারী এবং সরকারী প্রাইমারী স্কুলসমূহে এখনও বার্ষিক পরীক্ষা শুরু হয়নি। এতদসত্ত্বেও রাজধানীর অভিভাবকগণ তাদের সন্তানদের ভাল কোন স্কুলে ভর্তি করার জন্য বিভিন্ন ভর্তি কোচিং-এ ভর্তি কোচিং করাচ্ছেন। এদিকে বার্ষিক পরীক্ষা নিয়ে যখন অভিভাবকগণ তাদের সন্তানদের নিয়ে ব্যস্ত এমনি সময়ে ভিকারুন নিসা নূন স্কুলে ভর্তি ফরম বিক্রি শুরু হয়েছে। ভর্তি ফরম বিক্রির প্রথমদিনেই ফরম ক্রয় করতে দীর্ঘ লাইনে অপেক্ষা করতে হয়েছে অভিভাবক অভিভাবিকাদের।